# দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)

রেজিঃ নং-ঝাল-৮০/৯২, তারিখ ঃ ০৯/১১/১৯৯২ খ্রিঃ, পুরান পোষ্ট অফিস রোড, উপজেলাঃ নলছিটি, জেলাঃ ঝালকাঠি।

## সংবিধান/ গঠনতন্ত্র (৬ষ্ঠ সংশোধনী)

০১। প্রতিষ্ঠানের নাম ও পরিচিত ঃ

- দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি। সংক্ষেপে "দুমাউস"।

০২। প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় ঃ

- দুমাউস ভবন, পুরাতন পোষ্ট অফিস রোড, নলছিটি বন্দর, নলছিটি, ঝালকাঠি। তবে কার্য্য নিবহী পরিষদের সিদ্ধান্তর আলোকে ঠিকানা স্থান্তর করা যাবে।

০৩। প্রতিষ্ঠানের কর্ম এলাকা ঃ

- ঝালকাঠি জেলা। পর্যায়ক্রমে সমগ্র বাংলাদেশ।

০৪। প্রতিষ্ঠানের শাখা সমুহ ঃ

- যে কোন এলাকায় এরিয়া অফিস, শাখা অফিস, উপ-শাখা চালু করা যাবে।

০৫। প্রতিষ্ঠানের লক্ষ্য ঃ

- বাংলাদেশের স্বেচ্ছাসেবী বেসরকারী উন্নয়ন সংস্থা হিসেবে অবহেলিত, সুবিধা বঞ্চিত, অসহায়, অসচেতন, দরিদ্র জনগোষ্ঠির সামাজিক সচেতনতা সৃষ্টি, আর্থ-সামাজিক উন্নয়ন এবং তাদের সামাজিক মর্যাদাসহ রাষ্ট্রের মৌলিক অধিকার সমুহ প্রতিষ্ঠা করা (যেমন ঃ দরিদ্র জনগোষ্ঠিকে সংগঠিত করে তাদের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে শিক্ষা, স্বাস্থ্য, সঞ্চয় ও ঋণদান কর্মসুচি, মৎস্য, কৃষি, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, প্রতিবন্ধীদের উন্নয়ন, মানবাধিকার সংরক্ষণ ইত্যাদি)।

০৬। প্রতিষ্ঠানের উদ্দেশ্য ঃ

(ক) সমাজ সেবা মূলক কার্যক্রম বাস্তবায়ন করা।
(খ) সঞ্চয় ও ঋণদান কর্মসূচির মাধ্যমে সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন।
(গ) আনুষ্ঠানিক/ অনানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ণ।
(ঘ) সমাজ সচেতন করতে বিভিন্ন ধরনের সভা, সমাবেশ, সেমিনার, সিম্পোজিয়াম করা।
(ঙ) খেলাধুলা, ক্রীড়া ও সাংস্কৃতিকর মান উন্নয়ন এবং পাঠাগার কার্যক্রম বাস্তবায়ণ করা।
(চ) স্বাস্থ্য সেবা ও স্যানিটেশন কার্যক্রম বাস্তবায়ণ।
(ছ) ছিন্নমূল/ গৃহহীন মানুষের গৃহ নিশ্চয়তা।
(জ) পরিবেশ সংরক্ষণ এবং বনায়ণ কার্যক্রম।
(ঝ) মানবাধিকার প্রতিষ্ঠা এবং আইনগত সহায়তা প্রদান।
(ঞ) যৌন কর্মী এবং প্রতিবন্ধীদের সামাজিক সচেতনতা ও পূর্ণবাসন কার্যক্রম।
(ট) আধুনিক কৃষি ব্যবস্থার প্রসার এবং মৎস্য সম্পদের উন্নয়ন।
(ঠ) পিছিয়ে পড়া নারী, শিশু এবং বাল্য বিবাহ'সহ সমাজের সার্বিক উন্নয়ন।
(ড) সংস্থার প্রচার ও এলাকার সমস্যা তুলে ধরার জন্য সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক প্রকাশনা প্রকাশ।
(ঢ) বিশুদ্ধ/ নিরাপদ পানি, আর্সেনিক মুক্ত পানি ব্যবহার ও সচেতনতা সৃষ্টি।
(ণ) স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহার এবং উদ্ধুদ্ধ করা।
(ত) সমাজ কল্যাণ মূলক/ আয়বর্ধক যে কোন কর্মসূচি অত্র প্রতিষ্ঠান গ্রহণ করতে পারবে।
(থ) বিভিন্ন উৎস্য থেকে প্রাপ্ত আয় যে কোন উন্নয়ন মূলক খাতে ব্যয় করা যাবে।
(দ) ইস্যু ভিত্তিক আন্দোলন করা (যেমনঃ সভা, সমাবেশ, র‍্যালী, স্মারকলিপি ইত্যাদি করা)।
(ধ) নারী পুরুষের উন্নয়নে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা।
(ন) বিভিন্ন উৎস্য থেকে প্রাপ্ত আয় যে কোন প্রতিষ্ঠানের স্বার্থে উন্নয়ন মূলক খাতে ব্যয় করা যাবে।
(প) টেকসই উন্নয়নে শহর/ বস্তি/ গ্রামাঞ্চলে বিভিন্ন ধরনের কার্যক্রম গ্রহণ করা।
(ফ) ব্যাপক জনগোষ্ঠিকে পুষ্টিকর খাবারে উৎসাহ প্রদান এবং পুষ্টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা।
(ব) লক্ষিত জনগোষ্ঠিকে সু-শিক্ষিত করতে শিক্ষা প্রতিষ্ঠান চালু করা।
(ভ) সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের সাথে যৌথ কার্যক্রম বাস্তবায়ন ও সহযোগীতা করা।
(ম) রুগ্ন/ মন্থর এবংয় অস্তিত্বশীল শিল্প খাত/ প্রতিষ্ঠান সমুহ চালু করতে দক্ষ মানব সম্পদ সৃষ্টি করা।
(য) বিভিন্ন ইস্যু/ প্রকল্পর উপর গবেষনা কার্যক্রম বাস্তবায়ণ করা।
(র) মানব সম্পদ সৃষ্টি করা।
(ল) বিজ্ঞান ও গবেষনা মূলক কার্যক্রম বাস্তবায়ণ করা।
(শ) আধুনিক প্রযুক্তির সম্প্রসারন করতে গবেষণা/ কৌশল তৈরী করা।

অনুমোদিত

মোঃ আখতারুজ্জামান তালুকদার
নির্বাহী পরিচালক
দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)
নলছিটি, ঝালকাঠী।

মোঃ [illegible] রহমান [illegible]
সভাপতি
দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)
নলছিটি, ঝালকাঠি।

(মোঃ [illegible] চৌধুরী)
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
নলছিটি, ঝালকাঠী।

০৭। সদস্য পদ লাভের যোগ্যতা ঃ

- বাংলাদেশের স্থায়ী বাসিন্দা যে কোন ব্যক্তি প্রতিষ্ঠানের সাধারন সদস্য পদ লাভ করতে পারবেন। সদস্য পদ লাভের জন্য লিখিত ভাবে চেয়ারম্যান/ সেক্রেটারী জেনারেল (নির্বাহী পরিচালক) এর নিকট আবেদন করতে হবে। কার্য্য নির্বাহী রিষদের সিদ্ধান্ত অনুযায়ী সদস্য নির্বাচন করা হবে। প্রত্যেক সদস্যকে ভর্তি ফি এক শত টাকা এবং মাসিক চাদাঁ একশত টাকা প্রদান করতে হবে।

০৮। সদস্য পদের শ্রেনী বিভাগ ঃ

- প্রতিষ্ঠানের দুই প্রকার সদস্য থাকিবে। যথা (ক) সাধারন সদস্য। (খ) দাতা সদস্য।

(ক) সাধারন সদস্য

- আবেদনের প্রেক্ষিতে কার্য্য নির্বাহী পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী যে কোন ব্যক্তি মাসিক চাদাঁ ও ভর্তি ফিস দিয়ে সাধারন সদস্য পদ লাভ করতে পারেন।

(খ) দাতা সদস্য ঃ

- কার্য্য নির্বাহী পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী যদি কোন ব্যক্তি প্রতিষ্ঠানের এককালীন কমপক্ষে এক লক্ষ টাকা বা সমমূল্যের সম্পদ দান করেন, তিনি দাতা সদস্য হিসেবে গন্য হবেন এবং দাতা সদস্যই স্থায়ী সদস্য পদ লাভ করবেন। এ সংস্থার প্রধান ফাউন্ডার/দাতা এবং প্রতিষ্ঠাতা মরহুম মোঃ জহির উদ্দিন হাওলাদার। বর্তমান দাতা সদস্য হিসেবে রয়েছে দৈনিক ইত্তেফাক পত্রিকার স্থানীয় সাংবাদিক এবং সংস্থার নির্বাহী পরিচালক এইচএম আখতারুজ্জামান।

০৯। সদস্য পদ বাতিল ঃ

(ক) এক বছরে মাসিক চাদাঁ প্রদানে ব্যর্থ হলে বা না দিলে।
(খ) মৃত্যুবরন এবং মস্তিস্ক বিকৃতি ঘটলে।
(গ) প্রতিষ্ঠান ও সংবিধান বিরোধী কাজ করলে।
(ঘ) প্রতিষ্ঠানের অর্থ আত্মসাৎ করলে।

১০। বাতিল সদস্য পূর্নঃ ভর্তিও নিয়ম ঃ

- ৯ নং ধারায় উল্লেখিত কারনে যদি কোন সদস্য তার পদ হারান এবং তিনি যদি তার ভূলের জন্য অনুশোচনা করেন, সে ক্ষেত্রে পুনঃ সদস্য লাভের জন্য আবেদন করলে কার্য্য নির্বাহী পরিষদ বিবেচনা করতে পারবেন। কার্য্য নির্বাহী পরিষদের রায়ই চুড়ান্ত রায় হিসেবে বিবেচিত হবে।

১১। প্রতিষ্ঠানের পরিষদের শ্রেনী বিন্যাস ঃ

- প্রতিষ্ঠানের দুইটি পরিষদ থাকবে। (ক) সাধারন পরিষদ। (খ) কার্য্য নির্বাহী পরিষদ।

(ক) সাধারন পরিষদ ঃ

- প্রতিষ্ঠানের সাধারন সদস্য ও দাতা সদস্যদের নিয়ে সাধারন পরিষদ গঠিত হবে। তবে দুইজন নারীসহ কমপক্ষে ১৫ (পনের)_এবং সর্বোচ্চ ৩১ (একত্রিশ) জন সাধারন সদস্যদের সমম্বয় সাধারন পরিষদ গঠন করা হবে।

(খ) কার্য্য নির্বাহী পরিষদ ঃ

- সাধারন পরিষদের সদস্যদের গোপন ভোটের মাধ্যমে/ প্রস্তাব সমর্থনের মাধ্যমে কার্য্য নির্বাহী পরিষদ গঠন করা হবে।

১২। সাধারন পরিষদের দায়িত্ব ঃ

(ক) সাধারন সভায় যোগদান এবং প্রতিষ্ঠানের উন্নয়নে সার্বিক সহায়তা করা।
(খ) কার্য্য নির্বাহী পরিষদের নির্বাচনে অংশ গ্রহণ এবং ভোট প্রদান করা।
(গ) সংবিধান অনুমোদন, সংশোধন এবং পরিবর্তন করার প্রস্তাব, সমর্থন প্রদান।
(ঘ) তলবী সভায় নোটিশ প্রদান ও সভা আহবান করা।
(ঙ) প্রতিষ্ঠানের স্বার্থ সংশ্লিষ্ট বিষয় প্রস্তাব গ্রহণ এবং বাতিল করার প্রস্তাব দেয়া।
(চ) প্রতিষ্ঠানের বিলুপ্তির ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহনে মতামত দেয়া।

অনুমোদিত
০৭/১২/২০১৩

মোঃ আখতারুজ্জামান হাওলাদার
নির্বাহী পরিচালক
দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)
নলছিটি, ঝালকাঠী।

মোঃ [illegible] রহমান আকন্দ
সভাপতি
দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)
নলছিটি, ঝালকাঠি।

(মোঃ মোশারেফ হোসেন চৌধুরী)
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
নলছিটি, ঝালকাঠী।

**১৩। কার্য্য নির্বাহী পরিষদের পদ ও ক্ষমতা ঃ**

- কার্য্য নির্বাহী পরিষদের মেয়াদ ৩ (তিন) বছর। পদ সংখ্যা ৭ (সাত)টি। যেমন ঃ (ক) চেয়ারম্যান একজন। (খ) ভাইস চেয়ারম্যান একজন। (গ) সেক্রেটারী জেনারেল (যার পরিচিতি ঃ নির্বাহী পরিচালক) একজন। (ঘ) সহকারী সেক্রেটারী জেনারেল একজন। (ঙ) কোষাধ্যক্ষ একজন। এবং কার্য্য নির্বাহী পরিষদ সদস্য দুইজন।

(ক) চেয়ারম্যান ঃ

- তিনি প্রতিষ্ঠানের সাংবিধানিক প্রধান। কার্য্য নির্বাহী পরিষদের সভায় তিনি সভাপতিত্ব করবেন। সকল কর্মকান্ডে সেক্রেটারী জেনারেলের (নিবাহী পরিচালক) সাথে সমম্বয় করবেন। ব্যাংক হিসাব পরিচালনার জন্য তিনি সেক্রেটারী জেনারেল ও কোষাধ্যক্ষের সাথে অংশ গ্রহণ করবেন।

(খ) ভাইস চেয়ারম্যান ঃ

- চেয়ারম্যান মহোদয়ের অনুপস্থিতিতে তিনি তাহার উপর অর্পিত সকল দায়িত্ব পালন করবেন।

**(গ) সেক্রেটারী জেনারেল (নির্বাহী পরিচালক) ঃ**

- প্রতিষ্ঠানের সর্বোচ্চ কর্মকর্তা। তিনি পদাধিকার বলে নির্বাহী পরিচালকের দায়িত্ব পালন করবেন। কার্য্য নির্বাহী পরিষদের সকল সদস্য এবং প্রতিষ্ঠানের নিয়োগকৃত কর্মচারীর সাথে যোগাযোগ ও দায়িত্ব বন্টন করবেন। তিনি কার্য্য নির্বাহী পরিষদের সভা আহবান করবেন। সরকারী, বেসরকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ/ সমম্বয়/ চুক্তি করবেন। তিনি কার্য্য নির্বাহী পরিষদের একমাত্র প্রতিনিধি, যে নির্বাহী পরিচালক হিসেবে সার্বক্ষনিক কাজ করবেন এবং বেতন-ভাতাদিসহ সকল ধরনের সুযোগ, সুবিধা গ্রহণ করতে পারবেন। বার্ষিক সভায় আয়-ব্যয়ের হিসাব এবং বাজেট পেশ করবেন। তিনি সংস্থার কর্মকর্তা, কর্মচারী পরিষদের সভাপতি থাকবেন। সে সকল ধরনের প্রকল্প গ্রহণ এবং অনুমোদন করবেন। তার সহি স্বাক্ষর ছাড়া কোন বিল ভাউচার পাস হবে না। প্রধান কার্যালয়ের মাষ্টার একাউন্টসহ প্রয়োজনীয় ব্যাংক হিসাব পরিচালনায় তিনি বাধ্যতামূলক সহি স্বাক্ষর করবেন। তিনি কর্মকর্তা-কর্মচারী নিয়োগ করবেন। নির্বাহী পরিচালক প্রতিষ্ঠানের স্বার্থে যে কোন ব্যক্তিকে অর্ন্তভূক্তি/অপসারন করতে পারবেন। নির্বাহী পরিচালক পদাধিকার বলে সেক্রেটারী হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন।

(ঘ) সহকারী সেক্রেটারী জেনারেল ঃ

- সেক্রেটারী জেনারেল এর অনুপস্থিতিতে তিনি প্রতিষ্ঠানের সকল দায়িত্ব পালন করবেন।

(ঙ) ক্যাশিয়ার ঃ

- তিনি প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ের হিসাব সংরক্ষণ করবেন। ব্যাংক হিসাব পরিচালনায় চেয়ারম্যান/ সেক্রেটারী জেনারেল এর সাথে অংশ গ্রহণ করবেন।

(চ) কার্য্য নির্বাহী পরিষদের সদস্য ঃ

- সেক্রেটারী জেনারেল কর্তৃক প্রদত্ত দায়িত্ব পালন করবেন।

**১৪। প্রকল্প নীতিমালা ঃ**

- অত্র সংস্থার প্রকল্প বাস্তবায়ণ করার জন্য আলাদা আলাদা নীতিমালা প্রনয়ণ করা হয়। উল্লেখযোগ্য নীতিমালার মধ্যে রয়েছে ঃ মানব সম্পদ ব্যবস্থাপনা (চাকুরী) নীতিমালা, জেন্ডার নীতিমালা, ঋণ ব্যবস্থাপনা নীতিমালা, সংগঠন ব্যবস্থাপনা নীতিমালা, আর্থিক ব্যবস্থাপনা নীতিমালা ইত্যাদি। এ নীতিমালা সংস্থার কার্য্য নির্বাহী পরিষদ অনুমোদন করবেন। প্রকল্প ভিত্তিক নীতিমালা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ণ করা হয়।

**১৫। কার্য্য নির্বাহী পরিষদ নির্বাচন ঃ**

- কার্য্য নির্বাহী পরিষদ নির্বাচন তিন বছর পরপর অনুষ্ঠিত হবে। সাধারন সদস্য এবং দাতা সদস্যদের গোপন ভোট বা প্রস্তাব সমর্থনের মাধ্যমে কার্য্য নির্বাহী পরিষদ গঠন করা হবে। তবে প্রতিদ্বন্দ্বিতা না থাকলে সদস্যরা প্রস্তাব সমর্থনের মাধ্যমে কার্য্য নির্বাহী পরিষদ গঠন করতে পারবেন। তবে দাতা সদস্যরা ইচ্ছা করলে বিনা নিবার্চনে কার্য্য নির্বাহী পরিষদ গঠন করতে পারিবেন। সাধারন সদস্যদের মাসিক চাদা বকেয়া থাকলে নির্বাচনে অংশ গ্রহণ করতে পারিবেন না।

অনুমোদিত

মোঃ আখতারুজ্জামান হাওলাদার
নির্বাহী পরিচালক
দুস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)
নলছিটি, ঝালকাঠী।

মোঃ জলিলুর রহমান আকন্দ
সভাপতি
দুস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)
নলছিটি, ঝালকাঠি।

(মোঃ মোয়াজ্জেম হোসেন চৌধুরী)
উপজেলা সমাজ সেবা কর্মকর্তা
নলছিটি, ঝালকাঠী।

# দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)

রেজিঃ নং-ঝাল-৮০/৯২, তারিখ ঃ ০৯/১১/১৯৯২ খ্রিঃ, পুরান পোষ্ট অফিস রোড, উপজেলাঃ নলছিটি, জেলাঃ ঝালকাঠি।



১৬। নির্বাচন কমিশন গঠন ঃ

(ক) নির্বাচনে অংশ গ্রহণ করবেন না এমন তিন ব্যক্তির সমম্বয় নির্বাচন কমিশন গঠন করা হবে।
(খ) "কার্য্য নির্বাহী পরিষদ" অনুমোদিত যে কোন ব্যক্তি নির্বাচন কমিশনের সদস্য হতে পারবেন।
(গ) নির্বাচন কমিশনের রায়ই চূড়ান্ত।
(ঘ) নির্বাচনের নুন্যতম পনের দিন পূর্বে নির্বাচনের তারিখ ঘোষনা করতে হবে।
(ঙ) বৈধ ভোটার তালিকা নির্বাচনের পনের দিন পূর্বে প্রকাশ করতে হবে।
(চ) একই ব্যক্তি একাধিক পদে প্রার্থী হতে পারবেন না।
(ছ) প্রার্থীকে অবশ্যই প্রতিষ্ঠানের সাধারন সদস্য এবং যাবতীয় পাওনাদি পরিশোধ করতে হবে।
(জ) একই পদে একাধিক ব্যক্তিকে ভোট প্রদান করা যাবে না।
(ঝ) প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা-কর্মচারী কোন প্রার্থীর পক্ষে কাজ করতে পারবেন না।

১৭। এরিয়া/শাখা /লিয়াজোঁ অফিস ঃ

➢ প্রতিষ্ঠানের কার্যক্রম বৃদ্ধি করতে বাংলাদেশের যে কোন স্থানে এরিয়া, শাখা, উপ-শাখা, লিয়াজোঁ অফিস এক বা একাধিক চালু করা যাবে। চালুকৃত অফিস এলাকার লক্ষিত জনগোষ্ঠির মাঝে প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য সামনে রেখে কার্যক্রম পরিচালনা করবে। অত্র প্রতিষ্ঠানের নিয়োগকৃত কর্মকর্তা-কর্মচারী দ্বারা শাখা অফিস সমুহ পরিচালিত হবে। দুমাউস এর প্রধান কার্যালয়ের নির্দেশ অনুযায়ী সকল ধরনের কার্যক্রম বাস্তবায়ণ করা হবে। নির্বাহী পরিচালকের অনুমতি ছাড়া কোন ধরনের অফিস চালু করা যাবে না।

১৮। কর্মকর্তা-কর্মচারী নিয়োগ ঃ

➢ "কার্য্য নির্বাহী পরিষদ" এর সিদ্ধান্ত অনুযায়ী কর্মকর্তা কর্মচারী নিয়োগ করা হবে। নিয়োগপত্রে স্বাক্ষর করবেন নির্বাহী পরিচালক। তবে মানব সম্পদ বিভাগের নীতিমালা অনুসরন করতে হবে।

১৯। কর্মকর্তা, কর্মচারী নিয়োগ কমিটি ঃ

➢ "কার্য্য নির্বাহী পরিষদ" এর মনোনীত দুইজন, কর্মকর্তা কর্মচারী পরিষদ মনোনীত একজন, নির্বাহী পরিচালক নিয়োগ কমিটির সভাপতি থাকবেন। তবে সংশ্লিষ্ট প্রকল্পের দাতা সংস্থার উপর নির্ভর করে নিয়োগ কমিটি গঠন করা যেতে পারে।

২০। কর্মকর্তা-কর্মচারী সাময়িক বা চূড়ান্ত বহিস্কার ঃ

➢ কর্মকর্তা-কর্মচারীরা সংবিধান, সংগঠন পরিপন্থী, সমাজ বিরোধী অনৈতিক কাজ, সহকর্মীর সঙ্গে বৈরী বা বিমাতা সূলভ আচারন, প্রকল্প বিরোধী কাজ, কর্তব্য অবহেলা, টাকা-পয়সা আত্মসাৎ, হিসাব গড়মিল করলে তাকে নির্বাহী পরিচালক সাময়িক/ চূড়ান্ত বহিস্কার করতে পারবেন।

২১। কর্মকর্তা-কর্মচারীদের সুযোগ-সুবিধা ঃ

➢ সকল কর্মকর্তা-কর্মচারী মানব সম্পদ বিভাগের নীতিমালা অনুযায়ী সুযোগ-সুবিধা ভোগ করতে পারবেন।

২২। আইন শৃঙ্খলা ঃ

➢ কর্মকর্তা-কর্মচারীরা প্রতিষ্ঠান পরিপন্থী কাজ বা টাকা পয়সা আত্মসাৎ করলে তার বিরুদ্ধে আইনের আশ্রায় নেয়া যাবে। এছাড়া, প্রকল্পের সুবিধাভোগী/ সঞ্চয়ী সদস্য/ ঋণ গ্রহীতা টাকা আত্মসাৎ বা নির্ধারিত মেয়াদে পরিশোধ না করলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবে। "কার্য্য নির্বাহী পরিষদ" এর সিদ্ধান্ত অনুযায়ী চাকুরীচ্যুত কর্মকর্তা-কর্মচারী দুমাউসকে সমুদয় অর্থ নিদিষ্ট তারিখের মধ্যে পরিশোধ করতে বাধ্য থাকিবেন। প্রতিষ্ঠান (মামলা-মোকদ্দমার ক্ষেত্রে) প্রয়োজন মনে করলে এক বা একাধি এডভোকেট নিয়োগ করতে পারবেন।

২৩। সভা আহবান ঃ

➢ নোটিশ প্রদান/ সভার সিদ্ধান্ত গ্রহনের মাধ্যমে সভা আহবান করা হবে। "কার্য্য নির্বাহী পরিষদ" সাত দিন, সাধারন পরিষদ পনের দিন এবং জরুরী সভা চব্বি ঘন্টার নোটিশে আহবান করা হবে। সাধারন পরিষদ সভা প্রতি বছর ১টি এবং "কার্য্য নির্বাহী পরিষদ" সভা প্রতি ৩ মাস পরপর ১টি অনুষ্ঠিত হবে। অতএব বার্ষিক সভা ১টি এবং মাসিক সভা ৪ টি অনুষ্ঠিত হবে। তবে প্রয়োজনে আরও সভা অনুষ্ঠিত হতে পারবে।

অনুমোদিত

উপ-পরিচালক
সমাজসেবা অধিদপ্তর
...

মোঃ আখতারুজ্জামান হাওলাদার
নির্বাহী পরিচালক
দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)
নলছিটি, ঝালকাঠি।

মোঃ জলিলুর রহমান আকন্দ
সভাপতি
দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)
নলছিটি, ঝালকাঠি।

(মোঃ মোশারেফ হোসেন চৌধুরী)
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
নলছিটি, ঝালকাঠি।

২৪। সভার কোরাম ঃ

➢ সভায় কোরামের জন্য দুই তৃতীয়াংশ সদস্য উপস্থিতর প্রয়োজন হবে। তবে প্রতিষ্ঠানের তলবী সভা ও সংবিধান অনুমোদন, সংশোধন, পরিবর্তন করার জন্য সংশ্লিষ্ট পরিষদের দুই তৃতীয়াংশ সদস্য এবং প্রতিষ্ঠান বিলুপ্ত করার জন্য সাধারন পরিষদের পাচঁ ভাগের তিন ভাগ সদস্যর উপস্থিতি ও সমর্থন প্রয়োজন হবে।

২৫। তলবী সভা ঃ

➢ জরুরী প্রয়োজনে নির্ধারিত সময়ের পূর্বে সভা আহবান করার প্রয়োজন হলে অথবা সভা আহবান করতে বিলম্ব ঘটলে সংশ্লিষ্ট পরিষদের দুই তৃতীয়াংশ সদস্য সভা আহবানের জন্য লিখিত ভাবে চেয়ারম্যানের নিকট আবেদন করবেন। চেয়ারম্যান সভা আহবান করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট পরিষদের দুই তৃতীয়াংশ সদস্য নোটিশ প্রদান করে সভা আহবান পূর্বক সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন। উক্ত সভার সিদ্ধান্ত সকল সদস্যর উপর কার্য্যকর হইবে।

২৬। সংবিধান অনুমোদন ও সংশোধন ঃ

➢ সংবিধান সাধারন পরিষদ কর্তৃক অনুমোদিত হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। সংবিধানের কোন অংশ পরিবর্তন/ বিলুপ্তি/ সংযুক্ত করার প্রয়োজন হলে সাধারন পরিষদের দুই তৃতীয়াংশ সদস্যদের উপস্থিতিতে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

২৭। অর্থের উৎস্য ঃ

(ক) সদস্যদের নির্ধারিত ভর্তি ফি, মাসিক, বার্ষিক ও এককালিন অনুদান আদায়।
(খ) কেন্দ্র ভিত্তিক সমিতি গঠন করে সাপ্তাহিক, মাসিক, দৈনিক সঞ্চয় আদায়।
(গ) সমাজের দানশীল ব্যক্তি/ প্রতিষ্ঠান থেকে অনুদান গ্রহণ করা।
(ঘ) সরকারী/ বেসরকারী ব্যাংক/ প্রতিষ্ঠান বা দাতাগোষ্ঠির অনুদান।
(ঙ) সরকারী ব্যাংক/ বেসরকারী ব্যাংক/ প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করা।
(চ) বিতরণকৃত ঋণের সার্ভিসচার্জ / প্রকল্প সমুহের লাভ।
(ছ) কোরবানীর চামড়া/ যাকাত/ ফেতরা গ্রহণ করা।
(জ) দুমাউস এর শাখা সমুহের বিভিন্ন উৎস্য থেকে প্রাপ্ত আয়।
(ঝ) দেশী/বিদেশী দাতা সংস্থার ঋণ বা অনুদান গ্রহণ করা।
(ঞ) প্রকাশনা বিক্রয়।

২৮। আর্থিক বিষয়াদি ঃ

(ক) সংস্থার আর্থিক বছর ধরা হবে জুলাই হতে জুন মাস।
(খ) বছরের শুরুতেই আয়-ব্যয় হিসাব এবং বাজেট প্রণয়ন করা হবে। ঐ হিসাব বার্ষিক সভায় পর্যালোচনা এবং নিশ্চিত করা হবে।
(গ) সংস্থার আয়-ব্যয় "ক্যাশিয়ার / পরিচালক (অর্থ)" সংরক্ষণ করবেন।
(ঘ) বাজেটের চেয়ে আয়-ব্যয় বেশী হলে সম্পুরক বাজেট প্রনয়ণ করা হবে।
(ঙ) অডিট ফার্ম/ নিবন্ধন কর্তৃপক্ষ আয়-ব্যয় হিসাব অডিট করতে পারবেন।
(চ) মাসিক (MIS) আর্থিক প্রতিবেদন তৈরী করা এবং সংশ্লিষ্টদের কাছে প্রেরণ করা।
(ছ) নিয়মিত ক্যাশ বই, ভাইচারসহ অন্যান্য খাতাপত্র লিপিবদ্ধ করতে হবে।
(জ) শাখা অফিস সমুহ নিয়মিত হিসাব পরিচালক (অর্থ) এর কাছে প্রেরন করবে।
(ঞ) দূর্নীতি, কর্তব্য অবহেলা এবং শৃঙ্খলা রক্ষার্থে অভ্যন্তরীন অডিট টিম গঠন করা হবে।
(ট) দূর্নীতি প্রতিরোধে সংস্থার অডিট টিম এর সর্বোচ্চ ক্ষমতা থাকবে।

২৯। ব্যাংক হিসাব ঃ

(ক) আর্থিক লেন-দেনের জন্য বাংলাদেশের যে কোন ব্যাংকে সঞ্চয়ী/ চলতি হিসাব খোলা যাবে।
(খ) প্রধান কার্যালয়ের (মাস্টার একাউন্ট) ব্যাংক হিসাব চেয়ারম্যান, নির্বাহী পরিচালক, ক্যাশিয়ার এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। তবে কার্য্য নির্বাহী পরিষদের ঐ তিন ব্যক্তির মধ্য থেকে নির্বাহী পরিচালক বাধ্যতামূলক সহি স্বাক্ষর করবেন এবং অন্য দুইজনের মধ্য থেকে একজনের স্বাক্ষর হলেই হিসাব পরিচালনা করা যাবে।

অনুমোদিত

মোঃ আখতারুজ্জামান হাওলাদার
নির্বাহী পরিচালক
দুস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)
নলছিটি, ঝালকাঠী।

মোঃ জলিলুর রহমান আকন্দ
সভাপতি
দুস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)
নলছিটি, ঝালকাঠি।

(গ) খরচ বাদে সমুদয় অর্থ সংশ্লিষ্ট প্রকল্প ব্যাংক একাউন্টে জমা করতে হবে।

(ঘ) প্রকল্প অনুযায়ী আলাদা ব্যাংক একাউন্ট থাকবে এবং ঐ একাউন্ট সংশ্লিষ্ট প্রজেক্ট কো-অডিনেটর বা প্রজেক্ট অফিসারের স্বাক্ষওে পরিচালিত হবে। তবে "কার্য্য নির্বাহী পরিষদ" ইচ্ছা করলে যে কোন এক বা একাধিক ব্যক্তিকে ব্যাংক একাউন্ট পরিচালনার দায়িত্ব দিতে পারেন।

(ঙ) এরিয়া, শাখা, প্রকল্প অফিস এবং লিয়াজোঁ অফিস সমুহের ব্যাংক একাউন্ট সংশ্লিষ্ট কর্মকর্তা দ্বারা পরিচালিত হবে।

(চ) সংস্থার পরিচালক (অর্থ), পরিচালক (প্রশাসন), পরিচালক (উন্নয়ন) প্রকল্প বা প্রধান ব্যাংক একাউন্ট পরিচালনা করতে পারবে। তবে "কার্য্য নির্বাহী পরিষদ" এর সিদ্ধান্তক্রর্মে।

৩০। সহযোগি সংস্থা ঃ

(ক) সরকারী/ বেসরকারী প্রতিষ্ঠান/দাতা গোষ্ঠির সদস্য পদ গ্রহণ/ প্রদান করতে পারবে।

(খ) সরকারী/বেসরকারী সংস্থা সমুহের দক্ষতা বৃদ্ধি করতে যে কোন কার্যক্রম গ্রহণ করা যাবে।

(গ) আর্থ-সামাজিক কার্যক্রমে অনুরুপ সরকারী/ বেসরকারী প্রতিষ্ঠানকে সহায়তা প্রদান।

(ঘ) সহযোগি সংস্থা সমুহের মধ্যে সঞ্চয় ও ঋণদান কর্মসূচি বাস্তবায়ণ করা।

(ঙ) সহযোগি সংস্থা সমুহের সাথে সম্পর্ক সু-দৃঢ় করতে বিভিন্ন ধরনের কার্যক্রম বাস্তবায়ণ করা।

(চ) বেসরকারী উন্নয়ন সংস্থার সাথে যে কোন কর্মসূচি বাস্তবায়ণ করা যাবে।

(ছ) সহযোগি প্রতিষ্ঠানের সাথে নির্বাহী পরিচালক চুক্তিপত্র/যোগাযোগ / সমন্বয় করবেন।

৩১। বাজেট ঃ

- নির্বাহী পরিচালক বা তার মনোনীত ব্যক্তি দ্বারা বার্ষিক বাজেট প্রনয়ণ করে সাধারন সভায় পেশ করবেন। উক্ত বাজেট সাধারন সভায় অনুমোদিত হবে। ঐ বাজেট অনুযায়ী প্রতিষ্ঠানের প্রকল্প সমুহের আয়-ব্যয় নির্বাহ করা হবে। কোন কারনে আয়-ব্যয় অতিরিক্ত হলে সম্পূরক বাজেট তৈরী করতে হবে।

৩২। কর্মকর্তা-কর্মচারী পরিষদ ঃ

- প্রতিষ্ঠানের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার স্বার্থে এবং পরিচালনা পরিষদ (কার্য্য নির্বাহী পরিষদ) এর কাছ থেকে কর্মকর্তা-কর্মচারী দাবী-দাওয়া আদায়ের জন্য কর্মকর্তা পরিষদ থাকবেন। ঐ পরিষদের সভাপতি থাকবেন অত্র প্রতিষ্ঠানের সর্বোচ্চ কর্মকর্তা নির্বাহী পরিচালক, সদস্য থাকবেন পরিচালক (অর্থ), পরিচালক (প্রশাসন), পরিচালক (উন্নয়ন) এবং কর্মকর্তা-কর্মচারী থেকে নির্বাচিত ৫ জন। এই পরিষদের নির্বাচন হবে ৩ বছর পরপর। তবে সংগঠন বিরোধী কাজ করলে এই পরিষদ ভেঙ্গে দেয়া যাবে।

৩৩। সম্পদ ক্রয় ও বিক্রয় ঃ

- প্রতিষ্ঠানের স্বার্থে নির্বাহী পরিচালক স্থাবর ও অস্থাবর সম্পদ ক্রয় এবং বিক্রয় করতে পারবেন। তবে সম্পদ ক্রয় এবং বিক্রয়ের পূর্বে তিনি প্রয়োজন মনে করলে দরপত্র কমিটি গঠন করবেন। দাতা বা সহযোগী সংস্থার অর্থে কোন সম্পদ ক্রয় করলে সেক্ষেত্রে তাদের পরামর্শ এবং নীতিমালা অনুসরন করা হবে।

৩৪। প্রকল্প ঃ

- অসহায়, নির্যাতিত, দরিদ্র এবং সুবিধা বঞ্চিত মানুষের চাহিদা উন্নয়ন মূলক প্রকল্প গ্রহন করা হবে। প্রকল্প সমুহ সাধারন মানুষের উপকারার্থে বাস্তবায়ণ করা হবে। দাতা বা সহযোগী সংস্থার চাহিদা অনুযায়ী সকল কর্মকান্ড পরিচালিত হবে। প্রকল্পের কোন কর্মকর্তা বা কর্মচারী সংগঠন পরিপন্থী বা তার উর্ধ্বতন কর্মকর্তাদের বিরুদ্ধে কোন ধরনের কর্মকান্ড বা অশ্লালীল আচারন করতে পারবেন না। এছাড়া, প্রকল্পের কোন কর্মচারী অনৈতিক কাজে জড়িত থাকলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। নির্বাহী পরিচালকের নির্দেশনা অনুযায়ী সকল কর্মকান্ড পরিচালিত হবে।

অনুমোদিত

নির্বাহী পরিচালক
দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)
নলছিটি, ঝালকাঠী।

মোঃ জলিলুর রহমান আকন্দ
সভাপতি
দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)
নলছিটি, ঝালকাঠি।

উপজেলা সমাজসেবা কর্মকর্তা
নলছিটি, ঝালকাঠী।

# দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)

রেজিঃ নং-ঝাল-৮০/৯২, তারিখ ঃ ০৯/১১/১৯৯২ খ্রিঃ, পুরান পোষ্ট অফিস রোড, উপজেলাঃ নলছিটি, জেলাঃ ঝালকাঠি।



**৩৫। সংশোধন/ পরিবর্তন/ সংযোজন ঃ**

- প্রতিষ্ঠানের স্বার্থে সংবিধানের কোন ধারা সংশোধন, পরিবর্তন বা সংযোজন করার প্রয়োজন হলে নির্বাহী পরিচালক সাধারন সভা আহবান করবেন। উপস্থিত সদস্যর তিনের দুই অংশের প্রস্তাব সমর্থনের মাধ্যমে সংবিধান সংশোধন, পরিবর্তন বা সংযোজন করা যাবে।

**৩৬। বিবিধ ঃ**

- প্রতিষ্ঠানের স্বার্থে কার্য্য নির্বাহী পরিষদের বাইরে (সেক্রেটারী জেনারেল ছাড়া) অন্য যে কোন ব্যক্তি চুক্তিভিত্তিক বা স্থায়ীভাবে নির্বাহী পরিচালক নিয়োগ করা যাবে। তবে কার্য্য নির্বাহী পরিষদের বাইরে নিয়োগকৃত নির্বাহী পরিচালক কার্য্য নির্বাহী পরিষদের সিদ্ধান্ত ছাড়া কোন ধরনের কর্মকান্ড পরিচালনা করতে পারবেন না।

**৩৭। বিলুপ্তি ঃ**

- প্রতিষ্ঠান বিলুপ্তি করার প্রয়োজন হলে সাধারন পরিষদের তিনের দুই অংশ সদস্যর সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। গ্রহীত সিদ্ধান্ত রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। রেজিষ্ট্রেশন কর্তৃপকক্ষের সিদ্ধান্ত অনুযায়ী চুড়ান্ত সিদ্ধান্ত নেয়া যাবে। নিবন্ধনকারী প্রতিষ্ঠানের সিদ্ধান্তক্রমে বিলুপ্তির পর দুমাউস এর যাবতীয় সম্পদ অনুরুপ একটি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান/ সরকারী প্রতিষ্ঠানে দান করা যাবে।

########## ধন্যবাদান্তে ############

অনুমোদিত

উপ-পরিচালক
ও
নিবন্ধন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ
সমাজসেবা অধিদপ্তর
ঝালকাঠি।

মোঃ আখতারুজ্জামান হাওলাদার
সেক্রেটারী জেনারেল
দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)
aktheruzzaman.bachu@gmail.com
মোবাইল ০১৭১২-১৭৪৬৯৯
ফোন ঃ ০৪৯৫৩-৭৪২৩০
ফ্যাক্স ঃ ০৪৯৫৩-৭৪২৩০

মোঃ আখতারুজ্জামান হাওলাদার
নির্বাহী পরিচালক
দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)
নলছিটি, ঝালকাঠী।

মোঃ জলিলুর রহমান আকন্দ
চেয়ারম্যান
দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)
ই-মেইল ঃ dmusbd@yahoo.com
ফোন ঃ ০৪৯৫৩-৭৪২৩০

মোঃ জলিলুর রহমান আকন্দ
সভাপতি
দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)
নলছিটি, ঝালকাঠি।

(মোঃ মোয়াজ্জেম হোসেন চৌধুরী)
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
নলছিটি, ঝালকাঠী।